রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, জানুয়ারি ২৮, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**এস.আর.ও নং ২৪-আইন/২০১৭।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টর এর শ্রমিক ও কর্মচারীগণের জন্য, নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের "তফসিল-ক এবং তফসিল-খ"-তে বর্ণিত মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, যথাক্রমে, উক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল 'ক'**

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | উচ্চতর দক্ষ:<br>১। ফোরম্যান<br>২। মাস্টার টেকনিশিয়ান<br>৩। ওয়েল্ডার<br>৪। মেকানিক<br>৫। টার্নার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৩০০/- | ২৬৫০/- | ৮০০/- | ৫০০/- | ৯২৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬। সাধারণ মিস্ত্রী<br>৭। প্রেসম্যান/প্রেস মেশিনম্যান<br>৮। টয়লেট/ওয়াশিং প্রেসম্যান<br>৯। ফ্লোডার মেশিনম্যান<br>১০। মিক্সার মেশিনম্যান/ মিক্সারম্যান | | ৫৩০০/- | ২৬৫০/- | ৮০০/- | ৫০০/- | ৯২৫০/- |
| | ১১। ড্রাইং চেম্বার মেশিনম্যান<br>১২। বয়লার এটেনডেন্ট<br>১৩। ফিটার মিস্ত্রী<br>১৪। কাটিং মেশিনম্যান<br>১৫। ডাইস মিস্ত্রী<br>১৬। অপারেটর/প্লান্ট অপারেটর<br>১৭। ইলেকট্রিশিয়ান<br>১৮। বয়েলিংম্যান<br>১৯। প্যাকার্স/র‌্যাপার্স | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৩০০/- | ২১২০/- | ৮০০/- | ৫০০/- | ৮৭২০/- |
| ২। | দক্ষ:<br>১। সহকারী অপারেটর<br>২। সহকারী মেকানিক<br>৩। সহকারী ওয়েল্ডার<br>৪। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৫। সহকারী পাম্প অপারেটর<br>৬। বয়লার হেলপার<br>৭। কার্পেন্টার<br>৮। সহকারী বলিংম্যান<br>৯। বোতল/টিন ফিলিংম্যান<br>১০। ক্যাপসিলিং/টিন সিলিংম্যান<br>১১। সহকারী ডাইস মিস্ত্রী<br>১২। সহকারী কাটিংম্যান | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪১০০/- | ২০৫০/- | ৮০০/- | ৫০০/- | ৭৪৫০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১৩। সহকারী ফিটার মিস্ত্রী<br>১৪। সহকারী প্রেসম্যান/ সহকারী প্রেস মেশিনম্যান<br>১৫। সহকারী ফ্লোডার মেশিনম্যান<br>১৬। সহকারী মিক্সার মেশিনম্যান/সহকারী মিক্সারম্যান<br>১৭। সহকারী প্যাকার্স/ সহকারী র‌্যাপার্স | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪১০০/- | ১৬৪০/- | ৮০০/- | ৫০০/- | ৭০৪০/- |
| ৩। | আধা-দক্ষ:<br>১। বয়েলিং হেলপার<br>২। মার্কম্যান<br>৩। নেইলার<br>৪। রোলার মেশিন হেলপার<br>৫। ফ্লোডার মেশিন হেলপার<br>৬। মিক্সার মেশিন হেলপার | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩৫০০/- | ১৭৫০/- | ৮০০/- | ৫০০/- | ৬৫৫০/- |
| | ৭। কাটিং হেলপার<br>৮। বোতল/টিন ফিলিং হেলপার<br>৯। ক্যাপসিলিং ও টিন সিলিং হেলপার<br>১০। প্রেস মেশিন হেলপার<br>১১। প্যাকার্স/র‌্যাপার্স (সাধারণ) | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩৫০০/- | ১৪০০/- | ৮০০/- | ৫০০/- | ৬২০০/- |
| ৪। | অদক্ষ:<br>১। সাধারণ শ্রমিক | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩১০০/- | ১৫৫০/- | ৮০০/- | ৫০০/- | ৫৯৫০/- |
| | | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩১০০/- | ১২৪০/- | ৮০০/- | ৫০০/- | ৫৬৪০/- |
| ৫। | শিক্ষানবিশ শ্রমিক | শিক্ষানবিশকালে একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ৪৮০০/- (চার হাজার আটশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

## তফসিল 'খ'

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরির ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। | গ্রেড-১:<br>১। সিনিয়র ক্রয় সহকারী<br>২। সিনিয়র বিক্রয় সহকারী<br>৩। সিনিয়র টেলিফোন অপারেটর<br>৪। মুয়াজ্জিন<br>৫। মেডিক্যাল এটেনডেন্ট | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৫০০/- | ২৭৫০/- | ৮০০/- | ৫০০/- | ৯৫৫০/- |
| | ৬। হিসাব সহকারী<br>৭। স্টোর কিপার<br>৮। উচ্চমান সহকারী<br>৯। কম্পিউটার অপারেটর<br>১০। সিনিয়র টাইম কিপার | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৫০০/- | ২২০০/- | ৮০০/- | ৫০০/- | ৯০০০/- |
| ২। | গ্রেড-২:<br>১। জুনিয়র ক্রয় সহকারী<br>২। জুনিয়র বিক্রয় সহকারী<br>৩। নিরাপত্তা হাবিলদার<br>৪। গেট ক্লার্ক<br>৫। মার্চেন্ডাইজার<br>৬। ট্রান্সপোর্ট মেকানিক<br>৭। টেলিফোন মেকানিক<br>৮। নিম্নমান সহকারী | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪২০০/- | ২১০০/- | ৮০০/- | ৫০০/- | ৭৬০০/- |
| | ৯। টাইম কিপার<br>১০। কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>১১। স্টোর এসিস্টেন্ট<br>১২। জুনিয়র টেলিফোন অপারেটর<br>১৩। ড্রাইভার | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪২০০/- | ১৬৮০/- | ৮০০/- | ৫০০/- | ৭১৮০/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। | গ্রেড-৩:<br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইট গার্ড<br>৪। সুইপার/ক্লিনার<br>৫। মালি | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৩১০০/- | ১৫৫০/- | ৮০০/- | ৫০০/- | ৫৯৫০/- |
| | ৬। কুক | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩১০০/- | ১২৪০/- | ৮০০/- | ৫০০/- | ৫৬৪০/- |
| ৪। | শিক্ষানবিশ কর্মচারী | শিক্ষানবিশকালে একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=৪৮০০/- (চার হাজার আটশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

## শর্তাবলী

১। উপরি-উক্ত তফসিল 'ক' ও তফসিল 'খ', অতঃপর তফসিল বলিয়া উল্লিখিত, তে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকায় "সোপ এন্ড কসমেটিকস" শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর জন্য প্রযোজ্য হইবে।

২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ তফসিলে উল্লিখিত হার অনুযায়ী মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরি প্রাপ্ত হইবেন।

৩। এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণকে তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি নিবন্ধনভুক্ত করতঃ মজুরি স্লিপ প্রদান করিতে হইবে।

৪। তফসিলে উল্লিখিত পদবিন্যাস ব্যতীত যদি শ্রমিক ও কর্মচারীর অতিরিক্ত কোনো পদ উক্ত শিল্প সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পদকে তফসিলে উল্লিখিতভাবে যথাযথ শ্রেণি বা গ্রেডে অর্ন্তভুক্ত করিয়া তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে।

৫। তফসিলে উল্লিখিত মজুরি উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং কোনো কারণেই কোনো শ্রমিক বা কর্মচারীকে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতর মজুরি প্রদান করা যাইবে না। কোনো শ্রমিক বা কর্মচারী ইতোমধ্যে উক্ত নিম্নতর মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে তাহার উক্ত মজুরি হ্রাস করা যাইবে না। তবে, নিয়োগকর্তা বা

মালিকপক্ষ ইচ্ছা করিলে, স্ব-উদ্যোগে এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী, শ্রমিক ও কর্মচারীগণকে তফসিলে উল্লিখিত মজুরি হার অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৬। উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে শ্রেণি বা গ্রেডে কর্মরত আছেন, সেই শ্রেণি বা গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া তফসিলে উল্লিখিত মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক, তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক ও কর্মচারীকে কোনো কারণেই নিম্নশ্রেণি বা গ্রেডভুক্ত করা যাইবে না।

৭। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক কোনো শ্রমিককে ফুরণভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরির হারকে এইরূপে সংশোধন করিতে হইবে যেন সংশ্লিষ্ট শ্রেণিভুক্ত শ্রমিকগণের জন্য তফসিলে যে নিম্নতম মজুরি নির্ধারণ করা হইয়াছে, তাহা অপেক্ষা তিনি নিম্নতর মজুরি প্রাপ্ত না হন।

৮। কোনো শ্রমিক কোনো ঠিকাদারের মাধ্যমে উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং সংশ্লিষ্ট শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য পাওনাদি গ্রহণের ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে, যে কোনো কারণেই হউক না কেন, তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতম মজুরি প্রদান করিতে পারিবেন না এবং উক্ত আইনের ধারা ১২১, ১৫০ ও ১৬১ এর বিধান মোতাবেক তাহাকে মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৯। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠান হইতে ইতোমধ্যে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা ও ভাতাদি প্রাপ্ত হইতেছেন, তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৪৯ ও ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১০। শ্রমিকগণের শিক্ষানবিশকাল হইবে ৩ (তিন) মাস। তবে কোনো কারণে কাজের মান নির্ণয় করা সম্ভব না হইলে, কেবল দক্ষ শ্রমিকের ক্ষেত্রে, শিক্ষানবিশকাল আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট শ্রমিক সংশ্লিষ্ট পদে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

১১। কর্মচারীগণের শিক্ষানবিশকাল হইবে ৬ (ছয়) মাস। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট কর্মচারী সংশ্লিষ্ট পদে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। শিক্ষানবিশ কর্মচারীগণ উক্ত আইন ও তদধীন প্রণীত বিধিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১২। উপরি-উক্ত শর্তাবলির কোনো অংশ বিদ্যমান কোনো আইনের সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদির মেয়াদকাল বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা জেরিন আহমেদ**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd